

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০২.০১০.১৫/২৭৪(১-৯)

তারিখ : ০১/১২/২০২০ খ্রি:।

বিষয় :- বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত আন্তর্জাতিক বিমান/সমুদ্র/স্থল বন্দরসমূহে বেসরকারী খাতে স্থাপিত শুষ্ক-মুক্ত বিপণি এবং ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস এর আমদানি প্রাপ্যতা নির্ধারণের লক্ষ্যে সুপারিশ প্রদান সংক্রান্ত দিক নির্দেশনা।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন আদেশ নং-২৩/২০১১, তারিখ: ১৬.১০.২০১১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ কর হলো।


০২। বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত আন্তর্জাতিক বিমান/সমুদ্র/স্থল বন্দরসমূহে বেসরকারী খাতে স্থাপিত শুষ্ক-মুক্ত বিপণি এবং ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস এর আমদানি প্রাপ্যতা নির্ধারণের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড হতে কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি গঠনের পক্ষে, যে সকল বিষয় (বিগত অর্থ বছরে উক্ত বন্দর দিয়ে আগমনি ও বহির্গামী যাত্রীর সংখ্যা; বিগত অর্থ বছরে পণ্যের আমদানি, বিক্রয় ও সমাপনী মজুদ; হালনাগাদ নিরীক্ষা কার্যক্রম এবং প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনসহ আনুষ্ঠানিক অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য) সু-স্পষ্ট ভাবে পর্যালোচনাপূর্বক বাস্তবভিত্তিক সুপারিশসহ প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়, অধিকাংশ ক্ষেত্রে সে সকল বিষয় পর্যালোচনা ছাড়াই প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। যার ফলে, প্রতিষ্ঠানের অনুকূলে বাস্তব ভিত্তিক বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদানের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হচ্ছে। উক্ত জটিলতা নিরসনকল্পে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিতভাবে পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা প্রয়োজন, যথা:-

- (ক) প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন;
- (খ) প্রতিষ্ঠানের হালনাগাদ নিরীক্ষা কার্যক্রম;
- (গ) সংশ্লিষ্ট বন্দর দিয়ে বিগত অর্থবছরে আগমনি ও বহির্গামী যাত্রীর সংখ্যা ও তার প্রবৃদ্ধি;
- (ঘ) বিগত অর্থবছরের অনুমোদিত বার্ষিক আমদানি প্রাপ্যতার বিপরীতে আমদানিকৃত পণ্যের পরিমাণ, বিক্রয় ও সমাপনী মজুদ;
- (ঙ) পণ্য বিক্রয়ের স্বপক্ষে প্রমাণকসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা;
- (চ) চলতি অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতার সুপারিশ প্রদানের ক্ষেত্রে পূর্বের অর্থবছরের সমাপনী মজুদ সমন্বয়; এবং
- (ছ) আনুষ্ঠানিক অন্যান্য তথ্য।

০৩। এমতাবস্থায়, আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি, উক্ত বিষয়সমূহ বিস্তারিতভাবে পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ উপযোগী বাস্তব ভিত্তিক সুপারিশ জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে।



জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,


(ফরিদা ইয়াসমীন)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

প্রাপক :

১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

৩-৮। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি (কমলাপুর)/পানগাঁও।

৯-১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা, (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/ যশোর/খুলনা/রংপুর/কুমিল্লা।


নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০২.০১০.১৫/ ২৭৪ (২-৪)


তারিখ : ০১/১২/২০২০ খ্রি:।

অনুলিপি অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সদস্য (কাস্টমস: রঞ্জানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩-৪। অফিস কপি/গার্ড কপি।

GIC


 ০১/১২/২০২০.
 (ফরিদা ইয়াসমীন)
 দ্বিতীয় সচিব (কাস্টমস: রঞ্জানি ও বন্ড)


 (সচিব/সিনিয়র সচিব)
 জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা